

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বাজেট অধিশাখা  
www.shed.gov.bd

স্মারক নং-৩৭.০০.০০০.০৬৪.০৩.০০৩.১৭-৩৪

তারিখঃ ২২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ  
০৪ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বিভাগীয় মামলা তদন্তকরণ প্রসঙ্গে।

সূত্র: ৩৭.০০.০০০.০৬৪.২৭.০৩০.১৭.৫৩, তারিখ: ২২/০১/২০১৮খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আবদুল মোনায়েম(৯৪১০), সহকারি অধ্যাপক (ইংরেজি), বান্দরবান সরকারি কলেজ, বান্দরবান গত ২৩/১০/২০০৮ তারিখ হতে ২৩/০৪/২০১১ তারিখ পর্যন্ত ০২(দুই) বছর ০৬ (ছয়) মাস Guru Gobind Singh khalsa College. U.K Level 5 (Graduate) Diploma in Teaching in the Lifelong Learning Sector কোর্সে প্রেষণ ভোগ করেন। চিকিৎসা ছুটির জন্য আবেদন করে ০৪(চার) বছর ১১ এগার মাস ২২ (বাইশ) দিন কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়।

অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৩) অনুযায়ী নিম্নস্বাক্ষরকারীকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। উক্ত বিভাগীয় মামলাটি তদন্তের স্বার্থে আগামী ২০/০২/২০১৮ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে (কক্ষ নং-১৮১২, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) হাজির হওয়ার জন্য অনুরোধ জানানো হলো।

  
(মোঃ আব্দুল্লাহ আল মামুন) ০৪.০২.১৮  
উপ সচিব  
ফোনঃ ৯৫৪৬৫৬৫  
মোবাইল: ০১৭১৭৮৭৮৪৪৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (সরকার পক্ষের নথি, কাগজপত্র, রেকর্ড ও সাক্ষী (যদি থাকে) সহ মামলা পরিচালনার নিমিত্ত একজন উপযুক্ত কর্মকর্তাকে নিযুক্ত করার জন্য অনুরোধসহ)।
২. উপ-সচিব, নিরাপত্তা-২ অধিশাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়(মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৪. (ক) জনাব মোঃ আবদুল মোনায়েম(৯৪১০), সহকারি অধ্যাপক (ইংরেজি), বান্দরবান সরকারি কলেজ, বান্দরবান।  
(খ) স্থায়ী ঠিকানা: জনাব মোঃ আবদুল মোনায়েম(৯৪১০), পিতা-মোঃ আব্দুল আজিজ, গ্রাম-বানারহাওলা, ডাকঘর-কাপাসিয়া, উপজেলা-কাপাসিয়া, জেলা-গাজীপুর।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, গেইট নং-১/২, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অফিস কপি।